



গণ বিশ্ববিদ্যালয়ে ‘বিশ্বায়ন ও বহুভাষিকতা’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



ছবি: প্রতিনিধি

সাভারের গণ বিশ্ববিদ্যালয়ে (গবি) বাংলা বিভাগের উদ্যোগে ‘বিশ্বায়ন ও বহুভাষিকতা’ বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন বাংলা বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. এ এস এ দেলওয়ার হোসেন।

রোববার (৫ এপ্রিল) সকালে বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি সভাকক্ষে আয়োজিত এ সেমিনারে বিশ্বায়নের ধারণা, বিস্তৃতি এবং ঐতিহাসিক প্রেক্ষাপটের পাশাপাশি বহুভাষিকতার গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়। বক্তারা বিভিন্ন ভাষার উৎপত্তি, বিকাশ, বৈশিষ্ট্য এবং ভাষাগত বৈচিত্র্যের দিকগুলোও তুলে ধরেন।

প্রবন্ধ উপস্থাপক সহযোগী অধ্যাপক মুহাম্মদ আবু রায়হান বলেন, বর্তমান বিশ্বে বহুভাষিকতা অত্যন্ত প্রয়োজনীয় একটি দক্ষতা। একাধিক ভাষায় পারদর্শিতা বৈশ্বিক যোগাযোগ সহজ করে এবং ব্যক্তিগত বিকাশেও সহায়ক ভূমিকা রাখে।

মুখ্য আলোচক অধ্যাপক মনসুর মুসা তার বক্তব্যে বলেন, বিশ্বায়নের প্রেক্ষাপটে ভাষাগত দক্ষতা বাড়ানো জরুরি। মাতৃভাষার পাশাপাশি ইংরেজির মতো আন্তর্জাতিক ভাষার গুরুত্ব বাড়ছে, যা বৈশ্বিক যোগাযোগে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ও উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেন। তিনি বলেন, এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের জন্য নতুন শেখার সুযোগ তৈরি করে এবং তাদের জ্ঞানভাণ্ডার সমৃদ্ধ করে।

সভাপতির বক্তব্যে অধ্যাপক ড. এ এস এ দেলওয়ার হোসেন উল্লেখ করেন, সহশিক্ষা কার্যক্রমে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ তাদের আত্মউন্নয়নে সহায়ক এবং এ ধরনের সেমিনার সেই সুযোগ তৈরি করে।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, বিভাগীয় প্রধান এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।